Access to Information (a2i) Programme
Prime Minister's Office

জনগণের দোরগোড়ায় সেবা
Service @ Doorsteps

জরুরী

নং: ০৩.০৮.০০০০.৮০৯.১৪.০০১.১৭ ৩৭২৭

১২ ই পৌষ, ১৪২৪ বঙ্গাব্দ
২৬ ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ

বিষয়: ই-নামজারি বিষয়ক গবেষণা কার্যে এটুআইকে সহায়তা প্রদান।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম উপজেলা ভূমি অফিসের নামজারি সেবাকে ইলেক্ট্রনিক পদ্ধতিতে সম্পাদন করার লক্ষ্যে ই-নামজারি সিস্টেম তৈরি করেছে। বর্তমানে এই সিস্টেমটি ৫২টি জেলার ১১২ টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। এই সিস্টেম বাস্তবায়নে জনগণের সচেতনতা বৃদ্ধিকল্পে ভূমি সংস্কার বোর্ড ও এটুআই একই সঙ্গে কাজ করছে এবং নিবন্ধন পরিদপ্তর সহায়তা প্রদান করছে। 'ই-নামজারির কার্যকারিতা' গবেষণার জন্য তাঁর জেলার সংযুক্ত তালিকামতে উপজেলা নির্বাচন করা হয়েছে। এই গবেষণার প্রধান উদ্দেশ্য হলো ই-নামজারির প্রক্রিয়া বিষয়ে জনগণকে উৎসাহিত এবং সহায়তা করা। উক্ত গবেষণা কার্যক্রম ৩১/১২/২০১৭ হতে ৩০/০৪/২০১৮ খ্রিঃ পর্যন্ত পরিচালিত হবে।

২। উক্ত গবেষণার কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট উপজেলার সহকারী কমিশনার (ভূমি)কে তাঁর অফিসের নিবন্ধনকৃত প্রতিটি নামজারি আবেদনের বিষয়ে প্রয়োজনীয় তথ্য প্রদান ডাটা টেম্পলেট বহি অনুযায়ী সরবরাহ করতে হবে। এই গবেষনা কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে উপজেলাসমূহকে দুইভাগে যথা- (ক) কন্ট্রোল গ্রুপ ও (খ) ট্রিটমেন্ট গ্রুপ ভাগ করা হয়েছে। এই দুটি গ্রুপের জন্য সহকারী কমিশনার (ভূমি)দের প্রতি পৃথক নির্দেশাবলি এ সাথে সংযুক্ত করা হলো।

৩। এমতাবস্থায় উক্ত গবেষণাকাজে সংযুক্ত নির্দেশনামতে তাঁর নিয়ন্ত্রনাধীন সহকারী কমিশনার (ভূমি)গনকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি:
(ক) উপজেলার নাম (কন্ট্রোল গ্রুপ)
(খ) উপজেলার নাম (ট্রিটমেন্ট গ্রুপ)
(গ) সহকারী কমিশনার (ভূমি) (ট্রিটমেন্ট গ্রুপ)-এর জন্য নির্দেশাবলি
(ঘ) সহকারী কমিশনার (ভূমি) (কন্ট্রোল গ্রুপ)-এর জন্য নির্দেশাবলি

জেলা প্রশাসক
.... জেলা

(কবির বিন আনোয়ার)
মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়,
প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম এবং
সভাপতি, ওজিডি বাস্তবায়ন কমিটি
kabirbinanwar@pmo.gov.bd

অনুলিপিঃ

(১) উপজেলা নির্বাহী অফিসার,.................................উপজেলা,.............................।
(২) সহকারী কমিশনার (ভূমি),.................................উপজেলা,.............................।

USAID
UN DP

(ক) "কন্ট্রোল-গ্রুপ"- উপজেলার তালিকা	(খ) "ট্রিটমেন্ট-গ্রুপ"- উপজেলার তালিকা

(গ) গবেষণা কাজে সহকারী কমিশনার (ভূমি)'র করনীয় (ট্রিটমেন্ট গ্রুপ):

ই-নামজারি বাস্তবায়নে জনগণের সচেতনতা বৃদ্ধিকল্পে ভূমি সংস্কার বোর্ড ও এটুআই একই সঙ্গে কাজ করছে এবং নিবন্ধন পরিদপ্তর সহায়তা প্রদান করছে। আপনার উপজেলায় ই-নামজারি বিষয়ক সেবাটির কার্যক্রম শুরু করায় আপনাকে ধন্যবাদ জ্ঞাপন করছি। এই গবেষণাটি এটুআই এবং লন্ডন ভিত্তিক গবেষণাধর্মী প্রতিষ্ঠান The Behavioural Insights Team এর যৌথ উদ্যোগে পরিচালিত। ই-নামজারির কার্যকারিতা সংক্রান্ত গবেষণায় সার্বিক সহযোগিতা প্রদানের জন্যে আপনাকে অনুরোধ করা হলো। বিস্তারিত নির্দেশিকাসমূহ নিম্নে বর্ণিত হল-যেখানে আপনার সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

(১) এই গবেষণাটি আগামী ৩১ ডিসেম্বর ২০১৭ ইং তারিখ থেকে শুরু হয়ে ৩০ এপ্রিল ২০১৮ ইং তারিখে শেষ হবে।

(২) ই- নামজারি গবেষণাটি কার্যকর করার জন্যে এটি খুবই গুরুত্বপূর্ণ যে উক্ত লিফলেটটি কিংবা গবেষণার বিষয়বস্তু আগামী ৩০ এপ্রিল ২০১৮ ইং তারিখ পর্যন্ত অন্য কোন সহকারী কমিশনার (ভূমি) এর সাথে আলাপ- আলোচনা করা যাবে না।

(৩) একজন নাগরিক যখন রেজিস্ট্রি অফিস থেকে জমি হস্তান্তর সফলভাবে সম্পন্ন করবে তখন সাব-রেজিস্টার অফিস সেবাগ্রহিতাকে উক্ত ই-নামজারি বিষয়ক লিফলেটটি রশিদের সাথে সংযুক্ত করে প্রদান করতে হবে।

(৪) লিফলেট বিতরণঃ গবেষণাটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে ই-নামজারি বিষয়ক লিফলেট পাঠানো হয়েছে যা-

- আগামী ২৮ ডিসেম্বর ২০১৭ ইং তারিখ রোজ বৃহস্পতিবারের মধ্যে লিফলেটের হার্ডকপিগুলো সাব-রেজিস্ট্রি অফিস বরাবর প্রেরণ করতে হবে।
- আপনার উপজেলার প্রতিটি ইউডিসি/ পিডিসি/ সিডিসিতে একটি করে লিফলেট প্রদান করুন এবং উদ্যোক্তাদেরকে এই লিফলেটটি সম্পর্কে এমনভাবে অবহিত করতে হবে যেন সাধারন জনগনের ই-নামজারি সম্পর্কিত যেকোন প্রশ্নের উত্তর দিতে পারেন।

(৫) সাব-রেজিস্ট্রি অফিসকে সহায়তাঃ

- সাব-রেজিস্ট্রি অফিস একজন স্টাফকে নাগরিকদের মধ্যে লিফলেট প্রদানের জন্য চিহ্নিত করবে।
- উক্ত স্টাফ-এর জন্য নির্দেশনা নিম্নরূপঃ
  - প্রতিটি হস্তান্তরযোগ্য দলিলের রশিদের সাথে লিফলেট প্রদান করতে হবে।
  - রশিদের সাথে অবশ্যই লিফলেটটি সংযুক্ত করতে হবে।

- লিফলেট সংক্রান্ত যেকোন ধরনের প্রশ্নের জন্য সহকারী কমিশনার (ভূমি) অথবা তাঁর অফিসের সাথে যোগাযোগ করতে হবে।

- ৩১ ডিসেম্বর ২০১৭ ইং তারিখ হতে ৩১ জানুয়ারী ২০১৮ ইং তারিখ পর্যন্ত, প্রতিটি হস্তান্তরযোগ্য দলিলের রশিদ কপির সাথে লিফলেট প্রদান করতে হবে।
- উল্লিখিত সময়ের জন্য সাব-রেজিস্টার অফিসে পর্যাপ্ত লিফলেট প্রেরণ নিশ্চিত করতে হবে। যদি লিফলেট শেষ হয়ে যায়, তবে সহকারী কমিশনার (ভূমি) বিষয়টি এটুআইকে অবগত করবেন। সহকারী কমিশনার (ভূমি), সাব-রেজিস্টারের চাহিদা মোতাবেক লিফলেটের সংখ্যা এটুআইকে অবহিত করবেন। এটুআই পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবে।
- সাব-রেজিস্ট্রি অফিস, নিবন্ধিত রেজিস্টার ফি বহির ৩১ ডিসেম্বর ২০১৭ ইং তারিখ থেকে ৩১ জানুয়ারী ২০১৮ ইং তারিখ পর্যন্ত যতগুলো দলিল নিবন্ধিত হবে, এই সময়ের একটি পূর্ণাঙ্গ এবং সুস্পষ্ট তালিকার ফটোকপি এটুআইকে জনাব রোনান গোমেজ, এটুআই প্রোগ্রাম, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, লেভেল-০৭, ব্লক-০২, কক্ষ নং-৮২০ ঠিকানায় প্রেরণ করবে।

(৬) নামজারি আবেদনের ডাটা এটুআইকে প্রদানঃ ৩১ ডিসেম্বর ২০১৭ ইং তারিখ থেকে ৩০ এপ্রিল ২০১৮ ইং তারিখ পর্যন্ত যতগুলো নামজারি আবেদন আসবে, সেই আবেদনসমূহের প্রয়োজনীয় ডাটা, সংযুক্ত রেজিস্টার বহি (টেমপ্লেট) লিপিবদ্ধ করার জন্য সহকারী কমিশনার (ভূমি) তাঁর অফিসের একজন সহকারীকে নিম্নোক্ত ডাটা/ তথ্যাদি সংগ্রহ করতে বলবেন।

- ভূমি অফিসের দায়িত্বপ্রাপ্ত সহকারী ৩১ ডিসেম্বর ২০১৭ ইং তারিখ থেকে ৩০ এপ্রিল ২০১৮ ইং তারিখ পর্যন্ত প্রাপ্ত নামজারি আবেদনগুলোর নিম্নবর্ণিত তথ্যসমূহ প্রদত্ত রেজিস্টার টেমপ্লেটে সংগ্রহ করবেন-
  - নামজারি আবেদনের তারিখ
  - নামজারি আবেদন নম্বর
  - নামাজারির আবেদনটি কী প্রক্রিয়ায় সম্পন্ন হয়েছেঃ অফলাইন (সরাসরি) / অনলাইন যেকোন একটি অপশন বাছাই করুন।
  - দলিলের নম্বর
  - দলিল রেজিস্ট্রির তারিখ
  - খতিয়ান নম্বর
  - জমির মালিকানা সূত্র
  - কোনো মন্তব্য থাকলে অন্য একটি কলামে দিতে পারেন
- প্রতি সপ্তাহ শেষে যেই পরিমাণ আবেদন হয়েছে সেই ডাটাগুলো টেমপ্লেটে লিপিবদ্ধপূর্বক পৃষ্ঠাগুলোকে স্ক্যান করে land.mutation.a2i.bit@gmail.com এ প্রেরণ করুন।

(৭) আগামী ২২ ডিসেম্বর ২০১৭ ইং থেকে ২৭ ডিসেম্বর ২০১৭ ইং তারিখের মধ্যে আপনি এটুআই থেকে একটি ফলো-আপ কল পাবেন।

(৮) ২৮ ডিসেম্বর ২০১৭ইং তারিখের মধ্যে প্রয়োজনীয় পদক্ষেপগুলো গ্রহণ করতে হবে।

(ঘ) গবেষণা কাজে সহকারী কমিশনার (ভূমি)'র করনীয় (কন্ট্রোল গ্রুপ):

ই-নামজারি বাস্তবায়নে জনগণের সচেতনতা বৃদ্ধিকল্পে ভূমি সংস্কার বোর্ড ও এটুআই একই সঙ্গে কাজ করছে এবং নিবন্ধন পরিদপ্তর সহায়তা প্রদান করছে। আপনার উপজেলায় ই-নামজারি বিষয়ক সেবাটির কার্যক্রম শুরু করায় আপনাকে ধন্যবাদ জ্ঞাপন করছি। এই গবেষণাটি এটুআই এবং লন্ডন ভিত্তিক গবেষণাধর্মী প্রতিষ্ঠান The Behavioural Insights Team এর যৌথ উদ্যোগে পরিচালিত। ই-নামজারির কার্যকারিতা সংক্রান্ত গবেষণায় সার্বিক সহযোগিতা প্রদানের জন্যে আপনাকে অনুরোধ করা হলো। বিস্তারিত নির্দেশিকাসমূহ নিম্নে বর্ণিত হল-যেখানে আপনার সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

এই গবেষণাটি আগামী ৩১ ডিসেম্বর ২০১৭ ইং তারিখ থেকে শুরু হয়ে ৩০ এপ্রিল ২০১৮ ইং তারিখে শেষ হবে।

১. সাব-রেজিস্ট্রি অফিসের সাথে যোগাযোগ করাঃ সাব-রেজিস্ট্রি অফিস, নিবন্ধিত রেজিস্টার ফি বহির ৩১ ডিসেম্বর ২০১৭ ইং তারিখ থেকে ৩১ জানুয়ারী ২০১৮ ইং তারিখ পর্যন্ত যতগুলো দলিল নিবন্ধিত হবে, এই সময়ের একটি পূর্ণাঙ্গ এবং সুস্পষ্ট তালিকার ফটোকপি এটুআইকে জনাব রোনান গোমেজ, এটুআই প্রোগ্রাম, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, লেভেল-০৭, ব্লক-০২, কক্ষ নং-৮২০ ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করুন।

২. নামজারি আবেদনের ডাটা এটুআইকে প্রদানঃ ৩১ ডিসেম্বর ২০১৭ ইং তারিখ থেকে ৩০ এপ্রিল ২০১৮ ইং তারিখ পর্যন্ত যতগুলো নামজারি আবেদন আসবে, সেই আবেদনসমূহের প্রয়োজনীয় ডাটা, সংযুক্ত রেজিস্টার বহি (টেমপ্লেট) লিপিবদ্ধ করার জন্য সহকারী কমিশনার (ভুমি) তাঁর অফিসের একজন সহকারিকে নিম্নোক্ত ডাটা/ তথ্যাদি সংগ্রহ করতে বলবেন।

- ভুমি অফিসের দায়িত্বপ্রাপ্ত সহকারী ৩১ ডিসেম্বর ২০১৭ ইং তারিখ থেকে ৩০ এপ্রিল ২০১৮ ইং তারিখ পর্যন্ত প্রাপ্ত নামজারী আবেদনগুলির নিম্নবর্ণিত তথ্যসমূহ প্রদত্ত রেজিস্টার টেমপ্লেটে সংগ্রহ করবেন-
    - নামজারি আবেদনের তারিখ
    - নামজারি আবেদন নম্বর
    - নামাজারির আবেদনটি কি প্রক্রিয়ায় সম্পন্ন হয়েছেঃ অফলাইন (সরাসরি) / অনলাইন যেকোন একটি অপশন বাছাই করতে হবে।
    - দলিলের নম্বর
    - দলিল রেজিস্ট্রির তারিখ
    - খতিয়ান নম্বর
    - জমির মালিকানা সূত্র
    - কোনো মন্তব্য থাকলে অন্য একটি কলামে দিতে পারেন
- প্রতি সপ্তাহ শেষে যেই পরিমাণ আবেদন হয়েছে সেই ডাটাগুলো অনুগ্রহপূর্বক টেমপ্লেটে লিপিবদ্ধপূর্বক পৃষ্ঠাগুলোকে স্ক্যান করে land.mutation.a2i.bit@gmail.com এ প্রেরণ করতে হবে।

৩. আগামী ২২ ডিসেম্বর ২০১৭ ইং থেকে ২৭ ডিসেম্বর ২০১৭ ইং তারিখের মধ্যে আপনি এটুআই থেকে একটি ফলো-আপ কল পাবেন।

৪. সংযুক্ত নির্দেশাবলী যত্ন সহকারে পড়ুন এবং ২৮ ডিসেম্বর ২০১৭ইং তারিখের মধ্যে প্রয়োজনীয় পদক্ষেপগুলো গ্রহণ করতে হবে।

****

অন্য যেকোনো বিষয়ে জানতে হলে, জনাব রোনান গোমেজ, ন্যাশনাল কন্সালটেন্ট, মেইলঃ ronangomes09@gmail.com, মোবাইলঃ ০১৭৬৬২২৪৩০০ এর সঙ্গে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

গবেষণা কার্যে আপনার আন্তরিক অংশগ্রহণ ও সহযোগিতার জন্যে আপনাকে অসংখ্য ধন্যবাদ।